New York-
এর অয্াটনির্
জেনারেল
Letitia James

পির্য় নিউ ইয়কর্বাসী,

বয্াপারটা বেশ দরুত ও সহজ: কেউ ঋণ ও ফি (যা মূলত ঋণের উপরে ধায্র্ সুদ)-র বিনিময়ে বয্ক্তিগত চেক অথবা অয্াকাউন্ট থেকে টাকা কাটার অনুমোদন দেয়।

বেতনের তারিখের ভিত্তিতে ঋণদাতারা বেতনের পরবতর্ী নির্দিষ্ট দিন না আসা পয্র্ন্ত চেক না ভাঙানোর বিষয়ে সম্মত হন। কের্ডিট চেক নেই, রেফারেন্স নেই। ঋণগর্হীতাদের অবশয্ই শুধুমাত্র পর্মাণ করতে হয় যে তাদের একটি বয্াঙ্ক অয্াকাউন্ট ও আয়ের কোনও নিয়মিত উত্স রয়েছে।

তবে দরুত ও সহজের ক্ষেতের্ ভারী মূল্য চোকাতে হতে পারে। ফি, রোলওভার ঋণ, সুদ - এগুলির মোট পরিমাণ পর্ায়শই বার্ষির্ক 900% সুদের বেশিতে পরিণত হয়। বারো মিলিয়ন আমেরিকান পর্তি বছর বেতনের তারিখের ভিত্তিতে ঋণ নিয়ে থাকেন।

NYS-এ বেতনের তারিখের ভিত্তিতে বেশিরভাগ ঋণ অবৈধ, অনয্ায্য সব্ল্পমেয়াদি ঋণ কঠোরভাবে নিয়ন্তির্ত হয়। এই পর্চারপতর্টি থেকে জানা যায় কীভাবে অন্তহীন ঋণচক্রের্ আটকা পড়া থেকে বাঁচা সম্ভব।

আপনি যদি কোনও বেতনের তারিখের ভিত্তিতে ঋণদাতার জালে জড়িয়ে থাকেন, তাহলে আমি তা শুনতে চাই: আমার Consumer Frauds Bureau-তে একটি অভিযোগ দায়ের করুন। এই সুদখোরদের বয্বসা বন্ধ করার ক্ষেতের্ আমরা সাহায্য করতে পারি।

বিনীত,

Letitia James

সংস্থানসমূহ

অয্াটনির্ জেনারেলের New York State অফিস, কনজিউমার ফর্ডস বুয্রো

(800) 771-7755
ag.ny.gov

New York State আথির্ক পরিষেবা বিভাগ

(800) 342-3736
dfs.ny.gov

মাকির্ন যুক্তরাষ্ট্রের গর্াহকের আথির্ক সুরক্ষা বুয্রো

(855) 411-2372
consumerfinance.gov

মাকির্ন যুক্তরাষ্ট্রীয় ফেডারেল টের্ড কমিশন

(877) 382-4357
ftc.gov

Bengali

বেতনের তারিখের ভিত্তিতে ঋণ

ঋণের জাল এড়ানো

New York State
অয্াটনির্ জেনারেল
Letitia James এর অফিস

বেতনের তারিখের ভিত্তিতে ঋণের উচ্চ মূল্য

সব্লপ "ফি" যোগ হওয়া
দুই সপ্তাহ পরে বকেয়া $100 ঋণের উপরে ধার্য $15 ফাইন্যান্স চার্জের বার্ষিক সুদের হার 391%। সুদের অত্যধিক হার যেমন 900%-এর মতো সাধারণ ব্যাপার।

ঋণ চক্র
ঋণ বকেয়া থাকলে এবং ঋণগ্রহীতা শোধ করতে না পারলে বহু ঋণদাতা ঋণগুলিকে একটি অতিরিক্ত ফি সমেত "রোলওভার" অথবা পুনরায় চালু করেন। আসল টাকা কখনও না মিটিয়ে শেষ পর্যন্ত ঋণগ্রহীতা ঋণের আক্ষরিক মূল্যের থেকে অনেক গুণ বেশি সুদ হিসাবে মেটাতে থাকেন। 2012-র একটি শিল্প প্রতিবেদনে দেখা গেছে যে মাঝারি ঋণগ্রহীতা আট প্রকারের ঋণ নিয়ে থাকেন এবং বছরে পাঁচ বার ঋণ ধার করেন।

পরিচয় প্রতারণা
গ্রাহকদেরকে অনলাইন ঋণদাতাদের ক্ষেত্রে প্রায়শই জানানোর প্রয়োজন হয় একটি সোশাল সিকিউরিটি নম্বর এবং ব্যাঙ্ক অ্যাকাউন্টের তথ্য। অজানা ঋণদাতাদের কাছে ব্যক্তিগত তথ্য প্রকাশ করার ফলে জালিয়াতি ও পরিচয় প্রতারণা ঘটতে পারে।

New York সুদের হারকে নিয়ন্ত্রিত করে

বেতনের তারিখের ভিত্তিতে ঋণদাতাদের ধার্য অত্যধিক সুদের হার থেকে New York-এর আইন গ্রাহকদের সুরক্ষিত করে। New York State দ্বারা লাইসেন্সপ্রাপ্ত নয় এরকম বেতনের তারিখের ভিত্তিতে ঋণদাতারা New York-এর অধিবাসীদের ক্ষেত্রে $25,000 বা এর থেকে কমের ব্যক্তিগত ঋণের উপরে 16%-এর বেশি সুদ ধার্য করতে পারেন না। New York State দ্বারা লাইসেন্সপ্রাপ্ত এরকম বেতনের তারিখের ভিত্তিতে ঋণদাতারা 25% হারে সুদ ধার্য করতে পারেন। বেতনের তারিখের ভিত্তিতে বেশিরভাগ ঋণ এইসব হারের থেকে অনেক বেশি হয়।

দ্রষ্টব্য: যুক্তরাষ্ট্রীয় আইনের কারণে, বেশিরভাগ ব্যাঙ্ক ও ক্রেডিট কার্ডের ক্ষেত্রে New York-এর সুদের হার প্রযোজ্য হয় না।

ঋণের অন্যান্য নাম

সব্লপমেয়াদি ঋণের বিভিন্ন নাম হয়, কিছুক্ষেত্রে সেগুলি যে ঋণগ্রহীতাদের প্রয়োজনে লাগে, তাদের উপরে ভিত্তি করে। আইনি সীমা অতিক্রম করা ফি ও সুদ সমেত ঋণের অফারগুলি এড়িয়ে চলুন এবং রোল ওভার করার বিষয়ে আগ্রহীদের থেকে সাবধান থাকুন।

অগ্রিম পেনশন
তারা এটিকে অগ্রিম বা বাইআউট বলতে পারেন, কিন্তু এটি ঋণের মতোই কাজ করে। যারা নির্দিষ্ট পেনশনের সুবিধা পাওয়ার যোগ্য অথবা পাচ্ছেন - যেমন সামরিক অবসরপ্রাপ্ত, সরকারী কর্মচারী, শিক্ষক এবং কয়েকজন কর্পোরেট অবসরপ্রাপ্ত - এদের ক্ষেত্রে "অগ্রিম পেনশন"-এর জন্য সাধারণভাবে কয়াশ টুডের বিনিময়ে তাদের ভবিষ্যতের পেনশনের পেমেন্টের অংশবিশেষ অথবা এমনকি সম্পূর্ণ পরিমাণের সাপেক্ষে ঋণগ্রহীতাদের সাক্ষর করতে হয়। গ্রাহকদের উপরে ধার্য সুদের কার্যকর হার New York-এ আইনি সীমার থেকে অনেক গুণ বেশি হতে পারে। এগুলি সহজ বিকল্প বলে মনে হতে পারে, তবে অগ্রিম পেনশন আর্থিক দিক থেকে বিধ্বংসী হতে পারে।

কিস্তিতে মেটাতে হয়, এরকম ঋণ
যদিও এগুলি বৈধ ব্যাংক পণ্য হিসাবে মনে হয় - এবং অনেকগুলি তেমনটাই - কিস্তিতে মেটাতে হয়, এরকম ঋণের ক্ষেত্রে বার্ষিক সুদের হার 300%-এর থেকে বেশি হতে পারে। ঋণের "ফর্ন্ট এন্ড"-এর হিসাবে সাধারণত সুদ মেটানো হয় এবং পুনরায় টাকা মেটানো বা ঋণের "রোল ওভার"-এর ক্ষেত্রে ঋণগ্রহীতাদের উত্সাহ যোগানো হয়। আসল টাকা না মিটিয়ে তারা সুদ মিটিয়ে যেতে থাকেন। বেতনের তারিখের ভিত্তিতে ঋণের থেকে দীর্ঘমেয়াদের ক্ষেত্রে, গ্রাহক মাস বা এমনকি বছরের পর বছর ধরে ঋণে ডুবে থাকেন।

অটো টাইটেল ঋণ
কোনও মোটর গাড়ির উপরে ভিত্তিতে দেওয়া এই সব্লপমেয়াদি ঋণগুলিতেও বার্ষিক সুদের হার অনেক বেশি হয়। তার থেকেও খারাপ হল শুধুমাত্র একবার টাকা মেটাতে না পারলে আপনার গাড়ি বা ট্রাক পুনরায় দখল করা হতে পারে।

কয়েকটি বিকল্প

পেমেন্ট সংক্রান্ত পরিকল্পনা বাস্তবায়িত করতে ঋণদাতাদের সঙ্গে যোগাযোগ করুন। তারা প্রায়শই বিলের উপরে অতিরিক্ত সময় দেবেন। অতিরিক্ত ফি বা খরচের বিষয়ে জিজ্ঞাসা করার বিষয়ে নিশ্চিত হোন।

অগ্রিম বেতনের বিষয়ে আপনার নিয়োগকারীর সঙ্গে কথা বলুন। নিয়োগকারী ভেদে নীতি ভিন্ন হয়ে থাকে, তবে কেন আপনার অগ্রিম প্রয়োজন, সে বিষয়ে বিশদ তথ্য জানিয়ে আপনাকে একটি আবেদন লিখতে হতে পারে। ভবিষ্যতের চেকগুলি থেকে সাধারণত রিপেমেন্ট কাটা হয়।

কোনও ক্রেডিট ইউনিয়ন থেকে ঋণ অথবা ক্রেডিট কার্ডের উপরে অগ্রিম টাকা বিবেচনা করুন। বেতনের তারিখের ভিত্তিতে ঋণের তুলনায় এগুলির ক্ষেত্রে সাধারণত সুদের হার কম হয়। সেরা অফারের জন্য কাছাকাছি থাকুন।

লাইসেন্সপ্রাপ্ত ঋণদাতার সন্ধান করুন। NYS-এ লাইসেন্সপ্রাপ্ত ঋণদাতারা অনিরাপদ ঋণ দিতে পারেন, যেগুলি বেতনের তারিখের ভিত্তিতে বেশিরভাগ ঋণদাতাদের তুলনায় কম ব্যয়বহুল। তালিকার জন্য NYS Department of Financial Services-এর সঙ্গে যোগাযোগ করুন অথবা dfs.ny.gov-এ ভিজিট করুন।

আপনার ব্যাঙ্কের চেকিং অ্যাকাউন্টের প্ল্যানগুলির পর্যালোচনা করুন। কোনও ফি-র বিনিময়ে, অনেক ব্যাঙ্ক এমন প্ল্যান দেখায় যেগুলির মাধ্যমে ওভারড্রন অ্যাকাউন্টগুলিতে কোনও সেভিংস অ্যাকাউন্ট, ক্রেডিট কার্ড অথবা লাইন অফ ক্রেডিট থেকে টাকা পাঠানো যায়। "বাউন্স সুরক্ষা" প্রোগ্রাম এড়িয়ে চলুন যা শুধুমাত্র সব্তন্ত্র ওভারড্রাফ্টগুলিকে কভার করে।

লাইসেন্সপ্রাপ্ত, অলাভজনক কোনও ক্রেডিট কাউন্সেলিং এজেন্সির বিষয়ে বিবেচনা করুন। বাজেট প্ল্যানার অথবা ক্রেডিট কাউন্সেলিং এজেন্সিগুলি ফি এবং সুদের হার কমাতে, চার্জ মকুব করতে এবং ঋণদাতাদের থেকে হয়রানিমূলক ফোন কল বন্ধ করতে সহায়তা করতে পারে। এজেন্সিটি লাইসেন্সপ্রাপ্ত এবং অলাভজনক কিনা, সে বিষয়ে নিশ্চিত হোন। লাইসেন্সপ্রাপ্ত বাজেট প্ল্যানারের তালিকার জন্য New York State Department of Financial Services-এর সঙ্গে যোগাযোগ করুন অথবা dfs.ny.gov-এ ভিজিট করুন।

আপনার কর রোধের বিষয়টি পর্যালোচনা করুন। আপনি যদি প্রতি বছর বেশি পরিমাণ কর ফেরত লাভ করেন, তাহলে আপনি হয়ত আপনার চেক থেকে কেটে নেওয়া রাশির পরিমাণ কম করতে চাইতে পারেন। রিফান্ড ফেরত না আসা পর্যন্ত ঋণের উপরে সুদ মেটানোর পরিবর্তে আপনার প্রয়োজন সাপেক্ষে টাকা উপলব্ধ থাকা ভালো।